

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উদ্যোগে  
তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষ্যে  
গ্রাহক সেবা পক্ষ উদযাপনের প্রতিবেদন

তারিখ: ১৯ অক্টোবর থেকে ০২ নভেম্বর ২০২৫



বাস্তবায়নে:

**প্রদীপন**

সাহেব বাড়ী রোড, মহেশ্বরপাশা  
দৌলতপুর, খুলনা-৯২০৩  
মোবাইল: ০১৭১৪-৬৩১১০৭

## গ্রাহক সেবা পক্ষ উদযাপনের প্রতিবেদন

### ভূমিকা:

প্রদীপন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর সমাজসেবা অধিদপ্তর, এনজিও বিষয়ক ব্যুরো এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির নিবন্ধিত একটি স্বেচ্ছাসেবী উন্নয়নমূলক প্রতিষ্ঠান। বিগত চার দশকেরও বেশী সময় ধরে সমাজে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। এর মধ্যে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির তত্ত্বাবধানে পরিচালিত ক্ষুদ্র ঋণ কার্যক্রম অন্যতম। অতি সম্প্রতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উদ্যোগে এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির নির্দেশনায় তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষ্যে গ্রাহক সেবা পক্ষ উদযাপনের অংশ হিসেবে প্রদীপন ১৯-১০-২০২৫ইং থেকে ০২-১১-২০২৫ইং তারিখ পর্যন্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করেছে। সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে প্রদীপন কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমের তথ্য নিম্নে উপস্থাপন করা হলো।

### প্রধান কার্যালয়সহ শাখা কার্যালয়ে হেল্প ডেস্ক চালুকরণ:

১৯-১০-২০২৫ইং তারিখ থেকে গ্রাহক সেবা পক্ষ উদযাপনের লক্ষ্যে প্রদীপন, প্রধান কার্যালয়সহ সকল শাখা কার্যালয়ে হেল্প ডেস্ক চালু করা হয়, যেখান থেকে লক্ষিত উপকারভোগীদের-কে বিভিন্ন সেবা প্রদান করা হয়েছে।

### স্কুল পর্যায়ে বিনামূল্যে শিক্ষা উপকরণ বিতরণ:

৩০-১০-২০২৫ইং তারিখে খুলনা সিটি কর্পোরেশন এলাকার ৩নং ওয়ার্ডের জেনারেশন-২ চিলড্রেন হোম স্কুলের ৯টি শ্রেণীর প্রত্যেক শ্রেণীর প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী মোট ২৭ জন শিক্ষার্থীর মাঝে বিনামূল্যে পানীয় জলের বোতল বিতরণ করা হয়। উল্লিখিত অনুষ্ঠানে স্কুলের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী, অভিভাবকসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



জেনারেশন-২ চিলড্রেন হোম স্কুলের শিক্ষার্থীদের মাঝে পানির বোতল বিতরণের ছবি

### গ্রাহক পর্যায়ে বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান:



বাগেরহাট জেলাধীন কচুয়া উপজেলার দেপাড়া শাখায় উপকারভোগীদের স্বাস্থ্যসেবা প্রদানের ছবি

৩১/১০/২০২৫ইং তারিখে বাগেরহাট জেলার কচুয়া উপজেলার দেপাড়া শাখায় লক্ষিত উপকারভোগীদের হেলথ ক্যাম্পের আওতায় বিনা মূল্যে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। প্রযোজ্য ক্ষেত্রে তাৎক্ষণিক ভাবে রোগীদের ডায়াবেটিস ও রক্তচাপ পরীক্ষাসহ অন্যান্য রোগের চিকিৎসা সেবা প্রদান করা হয়। হেলথ ক্যাম্পে প্রায় ১৫০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে।

## গ্রাহক পর্যায়ে পুষ্টি চাহিদা পূরণের জন্য বিনামূল্যে সজির চারা বিতরণ:

০১/১১/২০২৫ইং তারিখে বাগেরহাট জেলার চিতলমারী উপজেলার চিতলমারী শাখায় লক্ষিত উপকারভোগীদের পুষ্টি চাহিদা পূরণের জন্য বিনা মূল্যে শীতকালীন সজির চারা বিতরণ করা হয়। সজির চারার মধ্যে বেগুন, গুল কপি, ফুল কপি ও বাঁধা কপির চারা ছিল। উপকারভোগীদের মাঝে ২৫০০টি বিভিন্ন প্রকারের সজির চারা বিতরণ করা হয়েছে।



বাগেরহাট জেলাধীন চিতলমারী শাখায় উপকারভোগীদের মাঝে সজির চারা বিতরণের ছবি

## উপসংহার:

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সক্রিয় পার্টনার হিসেবে প্রদীপন তারুণ্যের উৎসব ২০২৫ যথাযথ ভাবে উদযাপন করেছে। মাঠ পর্যায়ে লক্ষিত উপকারভোগীরা সরকারের এ উদ্যোগ-কে বিশেষ ভাবে স্বাগত জানিয়েছেন। অফিস ও মাঠ পর্যায়ে এ কার্যক্রম-কে সফল ভাবে বাস্তবায়ন করতে যারা সার্বিক সহযোগিতা প্রদান করেছেন সেই সকল শুভাকাঙ্ক্ষী ও শুভানুধ্যায়ীদের প্রদীপন পরিবারের পক্ষ থেকে বিশেষ ধন্যবাদ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

## তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপনের আরো কিছু আলোক চিত্র



তারুণ্যের উৎসব ২০২৫-এর উদ্দেশ্য সম্পর্কে শিক্ষার্থী ও অভিভাবকদের অবহিতকরণ



তারুণ্যের উৎসব ২০২৫-এর উদ্দেশ্য সম্পর্কে শিক্ষার্থী ও অভিভাবকদের অবহিতকরণ



বাগেরহাট জেলাধীন চিতলমারী শাখায় উপকারভোগীদের মাঝে সজির চারা বিতরণ



বাগেরহাট জেলাধীন কচুয়া উপজেলার দেপাড়া শাখায় উপকারভোগীদের খাদ্যসেবা প্রদান

প্রতিবেদন প্রস্তুতকারী

ফেরদৌসউর রহমান

নির্বাহী পরিচালক, প্রদীপন, প্রধান কার্যালয়, খুলনা।